**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**(জাস অধিশাখা - ০৫)**

২৭ মে ২০১৫

## প্রেস বিজ্ঞপ্তি

## জলবায়ু পরিবর্তন অভিযোজন নিয়ে তিনটি নতুন প্রকল্পে সরকারকে সহযোগিতা করবে ইউএনডিপি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে ইউএনডিপি বাংলাদেশ, উপকূলীয় এলাকায় জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে বাংলাদেশ রক্ষা করতে সরকারকে তিনটি প্রকল্পের মাধ্যমে সহযোগিতা করতে যাচ্ছে। প্রকল্পগুলি বাস্তবায়নে মোট ব্যয় হবে ৪৫৬.৪৮১ কোটি টাকা বা ৫৮.৭১৪ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে ইউএনডিপি তার নিজস্ব ও জাতিসংঘের জিইএফ (General Environment Facility) হতে সংগৃহীত মোট ৬৮.১৪৫ কোটি টাকা বা ৮.৮১ মিলিয়ন মার্কিন ডলার অনুদান সাহায্য হিসেবে প্রদান করবে। অবশিষ্ট অর্থ বাংলাদেশ সরকার ও ইউএনডিপি'র চলমান প্রকল্প হতে অংশীদারি অর্থায়ন হিসেবে ব্যবহৃত হবে। আজ (বুধবার, ২৭ মে ২০১৫, এ সংক্রান্ত তিনটি প্রকল্পের চুক্তিতে স্বাক্ষর করেন ত্রিপক্ষীয় প্রতিনিধিবৃন্দ। এই প্রকল্পগুলো বাংলাদেশের জাতীয় পর্যায়ে বৃক্ষ নিধনের (আরইডি) কারনে সৃষ্ট পরিবেশ বিপর্যয় রোধ এবং কার্বন নিস:রনের মাত্রা হ্রাস করতে জাতিসংঘের সহযোগিতা উদ্যোগের অংশ।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আগারগাঁওয়ে অবস্থিত অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব মো: আসাদুল ইসলাম, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুল্লাহ আল মহসিন চৌধুরী এবং ইউএনডিপি কান্ট্রি ডিরেক্টর পলিন ট্যামেসিস চুক্তি স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক মো: রইছউল আলম মন্ডল এবং বাংলাদেশ বন বিভাগের প্রধান বন সংরক্ষক মো: ইউনুস আলী উপস্থিত ছিলেন।

তিন স্বাক্ষরিত প্রকল্প, আরইডি++ প্রক্রিয়ার মধ্যে দিয়ে বহু-পাক্ষিক পরিবেশগত চুক্তি বাস্তবায়নে জাতীয় সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জলবায়ু অর্থায়নে বাংলাদেশের অন্তর্ভুক্তির সুযোগ নিশ্চিত করতে বদ্ধ পরিকর। এরই অংশ হিসেবে প্রথম প্রকল্পটি উপকূলীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাবের ফলে সেখানকার জনগোষ্ঠী যে ঝুঁকির মধ্যে রয়েছে তা কমাতে তাদেরকেই সাথে নিয়ে বিভিন্ন অংশগ্রহনমূলক কার্যক্রম গ্রহনের মাধ্যমে একটি পরিপূরক ব্যবস্থা সৃষ্টিতে কাজ করবে।

দ্বিতীয় প্রকল্পটি এফএও এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে বাংলাদেশ সরকারকে আরইডি++ প্রনয়নের প্রস্তুতির রোডম্যাপ বাস্তবায়নে আরইডি++ ব্যাবস্থাপনার প্রক্রিয়া প্রস্তুত করা, কৌশলগত প্রস্তুতির বিভিন্ন ধাপ চিহ্নিত করা এবং আরইডি++ বাস্তবায়ন শুরু করতে প্রয়োজনীয় সক্ষমতা সৃষ্টি করতে কাজ করে যাবে।

সর্বশেষ প্রকল্পটি জলবায়ু পরিবর্তন বিষয়ক রিও কনভেনশন চুক্তির বাস্তবায়নের সক্ষমতা তৈরি এবং এ সম্পর্কিত করনীয় গুলিকে বাস্তবায়নের ব্যাবস্থাপনায় সাহায্য করবে।

মোহাম্মদ ইফতেখার হোসেন
উপসচিব
ফোন: +৮৮ ০২ ৯১১৯৪৫৩
dsun-5@erd.gov.bd